# অডিটোরিয়াম, অফিস প্রাঙ্গন, প্রদর্শনী/সেমিনার কক্ষ ব্যবহার নীতিমালা

**ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট**
**খাগড়াছড়ি।**

জিতেন চাকমা
গবেষণা কর্মকর্তা

অডিটরিয়াম, অফিস প্রাঙ্গন, প্রদর্শনী/সেমিনার

কক্ষ ব্যবহার নীতিমালা

**শিরোনামঃ**

যেহেতু সকল সাংস্কৃতিক ইনস্টিটিউট, একাডেমী, কেন্দ্রের নিজস্ব কার্যক্রমের পাশাপাশি দেশী বিদেশী পর্যটকদের জন্য সাংস্কৃতিক বিনোদন, সরকারী বেসরকারী অনুষ্ঠান সম্পাদনের জন্য বিভিন্ন সময় ইনস্টিটিউট/একাডেমী/কেন্দ্রের হলরুম, অফিস প্রাঙ্গন এবং প্রদর্শনী কক্ষ ভাড়া দিতে হয় বিধায় এর ভাড়া নীতিমালা করা আবশ্যক তাই, ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর অডিটরিয়াম , অফিস প্রাঙ্গন, প্রদর্শনী/সেমিনার কক্ষ ব্যবহার নীতিমালা -২০১১ প্রনয়ণ করা হইল।

(১) এই নীতিমালা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর অডিটরিয়াম, অফিস প্রাঙ্গন এবং প্রর্দশনী/সেমিনার কক্ষ ব্যবহার নীতিমালা-২০১১ নামে পরিচিত হইবে।

(২) এই নীতিমালা ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০ এর অধীনে প্রনীত হইয়াছে।

(৩) এই নীতিমালায় স্পষ্ট কোন ব্যাখা না থাকিলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

(৪) নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে নীতিমালাটি যেকোন সময় এর পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন করা যাইবে।

**১। উদ্দেশ্যঃ**

(ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক কর্মকান্ডের প্রচার ও প্রসারে সহযোগীতা।

(খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের স্থানীয় আয় বৃদ্ধিকরণ।

(গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ঐতিহ্যকে লালন, সংরক্ষণ এবং বিকাশে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক সংগঠন সমূহকে উৎসাহ দান।

**২। ব্যবহার নীতিমালাঃ**

(ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের অডিটরিয়াম, অফিস প্রাঙ্গন, প্রদর্শনী কক্ষ যে কোন ব্যাক্তি ও সংগঠন নির্দ্দিষ্ট ভাড়ার বিনিময়ে শর্তসাপেক্ষে ব্যবহার করিতে পারিবে।

(খ) রাজনৈতিক সংগঠনের ক্ষেত্রে সরকারের অনুমতি গ্রহন সাপেক্ষে ইনস্টিটিউটের অডিটরিয়াম, অফিস প্রাঙ্গন, প্রদর্শনী কক্ষ ব্যবহার করা যাইবে।

(খ) মুক্তিযুদ্ধের চেতনার পরিপন্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির জন্য অবমাননাকর এবং ধর্মীয় অনুভুতিতে আঘাত করে এ রকম কোন নাটক, চিত্র প্রদর্শনী, আলাচনা অনুষ্ঠান বা সভা করা যাইবেনা।

(গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের নিজস্ব কোন অনুষ্ঠান থাকিলে ঐদিন অডিটরিয়াম, অফিস প্রাঙ্গন, প্রদর্শনী কক্ষ ভাড়া দেওয়া যাইবেনা।

(ঘ) ইনস্টিটিউটের জেনারেটর এবং সাউন্ড সিস্টেম সচল থাকিলে বাইরে তা ভাড়া করিয়া আনা যাইবেনা এবং নির্দ্দিষ্ট ভাড়া পরিশোধ সাপেক্ষে ইনস্টিটিউটের জেনারেটর এবং সাউন্ড সিস্টেম ব্যবহার করা যাইবে। জেনারেটরের জন্য যাহা প্রয়োজ অনুসারে ডিজেল এবং মবিল সরবরাহ করিতে হইবে।

জিতেন চাকমা
গবেষণা কর্মকর্তা
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি।

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

(ঙ) কোন ব্যবহারকারীকে অডিটরিয়ামএকনাগারে ৮(আট) ঘন্টা, অফিস প্রাঙ্গন সর্বোচ্চ ৩ দিন এবং চিত্র প্রদর্শনী ৭ দিনের জন্য ব্যবহারের অনুমতি প্রদান করা হইবে। অডিটরিয়ামটি এর চেয়ে বেশী সময় ব্যবহার করলে পরবর্তী সময়ের জন্য ঐ হারে ভাড়া পরিশোধ করিতে হইবে।

(চ) ইনস্টিটিউট কর্তৃপক্ষ কোন আবেদনের প্রেক্ষিতে বরাদ্ধ প্রদানে বাধ্য নয়। যে কোন বরাদ্ধের অনুমোদন বাতিল/স্থগিত করা সম্পুর্ণ অধিকার ইনস্টিটিউট কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ছ) অডিটরিয়াম, অফিস প্রাঙ্গন, প্রদর্শনী কক্ষ করার জন্য আবেদনকারীর পক্ষ থেকে আরেবদন মঞ্জুরের পর ২০০০/০০(দুই হাজার) টাকা পর্যন্ত নিরাপত্তা জামানত জমা রাখিতে পারিবেন। সে ক্ষেত্রে অনুষ্ঠান শেষ হওয়ার সাত কার্যবিসের মধ্যে জামানতের টাকা ফেরৎ প্রদান করা হইবে (যদি অডিটরিয়াম ব্যবহারের পর কোন প্রকার ক্ষতি সাধিত হয় নাই এ রুপ নিশ্চিত হওয়ার পর)।

(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক কার্মকান্ডকে লালন বিকাশ ও সংরক্ষণ করে এরুপ সংগঠনকে মানবিক কর্মকান্ডের জন্য কোন অনুষ্ঠান আয়োজন এর ক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষের সুপারিশক্রমে অর্ধেক ভাড়ায়/বিনা ভাড়ায় অডিটরিয়াম ব্যবহারের অনুমতি দেওয়া যাইবে।

(ঝ) জাতীয় দিবস, সরকারী গুরুত্বপূর্ণ কোন কাজে অর্ধেক ভাড়ায়/ বিনা ভাড়ায় অডিটরিয়ামটি ব্যবহারের অনুমোদন দেওয়া যাইবে।

(ঞ) অডিটরিয়ামের আসনসমূহের প্রথম সারিতে ১০টি আসন ইনস্টিটিউটের জন্য বাধ্যতামূলকভাবে সংরক্ষিত থাকিবে। প্রয়োজনে অনুষ্ঠানের এক দিন পূর্বে ১০টি আমন্ত্রণ পত্র/ পাস ইনস্টিটিউটে পৌছাইতে হইবে।

(ত) অডিটরিয়াম ব্যবহারের সময় নিয়ন্ত্রণ বহির্ভূত যান্ত্রিক/বৈদ্যুতিক গোলযোগের জন্য অনুষ্ঠান বিঘ্নিত হইলে ইনস্টিটিউটট কর্তৃপক্ষকে দায়ী করা যাইবে না উহার জন্য পরিশোধিত ভাড়াও ফেরৎ চাওয়া যাইবে না।

(ট) ইনস্টিটিউট কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত কর্মকর্তা বা কর্মচারী ব্যতীত অন্য কেউ শব্দ যন্ত্র ও আলোক প্রক্ষেপণ সরঞ্জামাদি কিংবা অন্য কোন যন্ত্রপাতি পরিচালনা করিতে পারিবে না।

(ড) নাটক বা চলচ্চিত্র প্রদর্শনীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ছাড়পত্র/অনুমতিপত্র থাকিতে হবে। এক্ষেত্রে কোন ধরনের সমস্যা সৃষ্টি হলে ইনস্টিটিউট কর্তৃপক্ষ দায়ী থাকিবেনা।

(ঢ) অডিটরিয়ামের অভ্যন্তরে কোন প্রকার আগুনের ব্যবহার করা যাইবে না এবং রাষ্ট্রীয় নীতির সহিত সংঘতি রেখে ধূমপান মুক্ত এলাকা হিসাবে ঘোষনা করা হয়েছে।

(ন) ব্যবহারকালীন অডিটরিয়ামের কোন সম্পদ নষ্ট হলে কিংবা কোনরূপ ক্ষতিসাধিত হলে ব্যবহারকারী সম্পূর্ণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে। অনুরূপ ক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হইবে।

(থ) কর্তৃপক্ষ ইচ্ছা করলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক কার্মকান্ডের সাথে সম্পৃক্ত কোন সংগঠনকে বা ব্যাক্তিকে শর্তসাপেক্ষে কোন নাটক, ডকুমেন্টারী তৈরী, নাচের মহড়া ইত্যাদি চর্চার/মহড়ার জন্য একটি নিদ্দিষ্ট সময় উল্লেখ করে অনুমতি দিতে পারিবে। তবে উহার জন্য নির্ধারিত হারে ভাড়া প্রদান করিতে হইবে।

(দ) স্থানীয় আয় থেকে প্রাপ্ত অংকের শতকরা পঞ্চাশ ভাগ ইনস্টিটিউটের কর্মকর্তা কর্মচারীদের কল্যাণ তহবিলে জমা করা হইবে।

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

৩। অডিটরিয়াম, অফিস প্রাঙ্গন, প্রদর্শনী কক্ষের সুবিধা সমূহ এবং ভাড়ার হার ঃ

(ক) অডিটোরিয়াম বলিতে ২০০ আসন বিশিষ্ট হল রুম, স্টেজ (ছয়টি ভিআইপি চেয়ার), চলচ্চিত্র প্রদর্শনের জন্য পর্দা, মঞ্চে দু পার্শ্বে দুটি প্যাডেস্টল ফ্যান এবং মঞ্চের টেবিল এর সুবিধাসহ পুরো অডিটরিয়ামকে বুঝাইবে।

(খ) অফিস প্রাঙ্গন বলিতে পুর্ব পাশে অবস্থিত প্রাঙ্গনকে বুঝাইবে। তবে ব্যবহারের সময় গাছপালা এবং বৈদ্যুতিক কুটির কোন ক্ষতিসাধন করা যাইবেনা।

ভাড়ার হারঃ

| ক্রমিক | বিবরন | ভাড়ার হার |
|---|---|---|
| ১ | অডিটরিয়াম | ১,৫০০/০০ |
| ২ | জেনারেটর(জ্বালানী ব্যতীত) | ৫০০/০০ |
| ৩ | মাল্টিমিডিয়া প্রজেক্টর | ৫০০/০০ |
| ৪ | সাউন্ড সিস্টেম সেট* | ৩,৫০০/০০ |
| ৫ | অফিস প্রাঙ্গন( দৈনিক) | ১,০০০/০০ |
| ৬ | প্রদর্শনী/সেমিনার রুম | ১,০০০/০০ |
| ৭ | সাউন্ড অপারেটর বেতন | ৫০০/০০ |
| ৮ | সাহার্যকারী বেতন ২ জন | ৫০০/০০ |

বিদ্রঃ সাউন্ড সিস্টেম শুধুমাত্র ইনস্টিটিউটে ব্যবহারের জন্য ক্ষেত্রে ভাড়া দেওয়া হয়। সাউন্ড সিস্টেম ব্যবহার করা হলে ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত অপারেটর এর জন্য আলাদা ফি দিতে হইব।

৪) বরাদ্ধের নিয়মাবলীঃ

(ক) উপ পরিচালক, ক্ষুদ্র নৃ- গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর বরাবর নির্দ্দিষ্ট ফরমে আবেদন করিতে হইবে।

(খ) ব্যবহারকারী কি কি জিনিষপত্র ব্যবহার করবেন তা আবেদনের সাথে উল্লেখ করতে হবে।

(গ)উপ পরিচালক বরাদ্ধের আবেদন মঞ্জুর করার পর দ্বায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ পরিচালকের নিকট হতে প্রতিস্বাক্ষর সংগ্রহ করে ভাড়া গ্রহীতাকে রশিদ প্রদান করিবেন। আদায় কৃত ভাড়া পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে উন্সটটিউটের নির্দ্দিষ্ট হিসাবে জমা প্রদান করিবেন।

-------------

২৭/০১/২০২২

জিতেন চাকমা
গবেষণা কর্মকর্তা
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি।

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

তফসিল-(ক)

বরাবর

উপ পরিচালক

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট

খাগড়াছড়ি।

**বিষয়ঃ অডিটরিয়াম/অফিস প্রাঙ্গন/সেমিনার রুম ব্যবহারের জন্য বরাদ্ধের আবেদন।**

জনাব,

আমি/আমরা ক আপনার নিয়ন্ত্রিত খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট এর অডিটরিয়াম / অফিস প্রাঙ্গন/ প্রর্দশনী কক্ষ ব্যবহার করার জন্য বরাদ্ধের আবেদন জানাইতেছি। আমি/আমরা আপনার ইনস্টিটিউটের অডিটরিয়াম / অফিস প্রাঙ্গন/ প্রর্দশনী কক্ষ ব্যবহারের নীতিমারা সম্বন্ধে অবহিত আছি।

১। আবেদনকারীর/সংস্থার নাম ঃ

২। ঠিকানা ঃ

৩। টেলিফোন নাম্বার ঃ

৪। ব্যবহারের উদ্দেশ্য কারণ ঃ

৪। সরকারের অনুমোদন আছে কিন? ঃ হাঁ/না

৫। অনুমোদনের ধরন ঃ ক. লিখিত খ. মৌখিক

আবেদনকারীর স্বাক্ষর

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি